গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

পত্র নং:৩৩.০২.৯৪৯৪.৫০১.৩৬.০০১.২২. ৩৭০ তারিখ:২২/১১/২২ খ্রি:

সভার নোটিশ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ২০২২-২৩ আর্থিক সালে ২য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভা আগামী ০২/১২/২২ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

২২/১১/২২

(মোছা: আয়েশা আক্তার)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

১.সম্প্রসারণ কর্মকর্তা/ক্ষেত্র সহকারী(রাজস্ব)/ক্ষেত্র সহকারী(এনএটিপি-২ প্রকল্প)/অফিস সহকারী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঠাকুরগাঁও সদর,ঠাকুরগাঁও।
২.জনাব..................
মৎস্যচাষি/মৎস্যজীবী/মৎস্য খাদ্য বিক্রেতা/হ্যাচারী মালিক/অন্যান্য।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১. জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও।
২. দপ্তর নথি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর আওতায় সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরনী:

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর অফিস কক্ষ।

তারিখ: ০২/১২/২২ খ্রি:

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি দাপ্তরিক ও ব্যক্তিগত সকল ক্ষেত্রে আবশ্যিকভাবে শুদ্ধাচার অনুশীলনের বিষয়ে আলোকপাত করেন।সেবা প্রদানের প্রত্যেকটি ক্ষেত্রে শুদ্ধাচার অনুশীলনের মাধ্যমে নৈতিকতা ও সততা বহুগুণে বিকশিত হয় বলে সভায় উল্লেখ করা হয়।একটি সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণেসরকারি দপ্তর ও এর অংশীজনের মদ্যে শুদ্ধাচার অনুশীলনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. দাপ্তরিক গতিশীলতা বৃদ্ধি ও সুশৃঙ্খলভাবে নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কর্মচারীগণের মধ্যে কর্মবন্টন একটি গুরুত্বপূর্ণ বিষয়।কর্মবন্টন অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে অফিস আদেশ করতে হবে।

২. মৎস্য খাদ্য উৎপাদনকারী/আমদানিকারক/রপ্তানীকারক/বিক্রেতা হিসেবে লাইসেন্স গ্রহণ প্রয়োজন হলে কারও প্ররোচনায় না পড়ে সরাসরি অত্র দপ্তরে যোগাযোগ করতে হবে।প্রয়োজনীয় কাগজপত্রাদি ও ফি পরিশোধপূর্বক নির্ধারিত ফরমে অত্র দপ্তরে লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

৩. অত্র দপ্তরে অভ্যন্তরীণ সরাসরি ক্রয়সহ অন্যান্য যে কোন ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন,২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা,২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ ও পুন:অর্পণসহ তৎসংশ্লিষ্ট অন্যান্য বিধিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/১২/২২

(মোছা: আয়েশা আক্তার)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
তারিখ:০২/১২/২২ খ্রি:

পত্র নং:৩৩.০২.৯৪৯৪.৫০১.৩৬.০০১.২২.৯৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও।
২. সম্প্রসারণ কর্মকর্তা/ক্ষেত্র সহকারী(রাজস্ব)/ক্ষেত্র সহকারী(এনএটিপি-২ প্রকল্প)/ অফিস সহকারী/অফিস সহায়ক, অত্র দপ্তর, ঠাকুরগাঁও।
৩. জনাব...............................
৪. দপ্তর নথি।

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার উপস্থিতির তথ্য:**

সভার তারিখ:০২/১২/২২ খ্রি. সময়:সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | সুজন চন্দ্র বর্মন | সম্প্রসারণ কর্মকর্তা(এনএটিপি-২ প্রকল্প)<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | |
| ০২ | মো: কামাল হোসেন | ক্ষেত্র সহকারী(রাজস্ব)<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | |
| ০৩ | মো: নাসিরুল ইসলাম | ক্ষেত্র সহকারী(এনএটিপি-২ প্রকল্প)<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | |
| ০৪ | জিন্নাতুন ফেরদৌস | অফিস সহকারী<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | |
| ০৫ | মো: আল আমিন | অফিস সহায়ক<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর<br>ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |